

রেজিস্টার্ড নং ডি এ-১

“জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের
জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক”

বাংলাদেশ



গেজেট



অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, ডিসেম্বর ২, ২০২১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজকল্যাণ মন্ত্রণালয়
কর্মসম্পাদন ব্যবস্থাপনা অধিশাখা
প্রজ্ঞাপন

তারিখ : ০১ অগ্রহায়ণ, ১৪২৮ বঙ্গাব্দ/১৬ নভেম্বর, ২০২১ খ্রিষ্টাব্দ

নং ৪১.০০.০০০০.০১৬.২৩.০০১.২১-২৯৪—সরকার কর্তৃক ‘মাদার অব হিউম্যানিটি সমাজকল্যাণ পদক
নীতিমালা-২০১৮’ নিম্নরূপভাবে সংশোধন করা হলো:

(ক) ‘মাদার অব হিউম্যানিটি সমাজকল্যাণ পদক নীতিমালা-২০১৮’ এর অনুচ্ছেদ ৪ এর ক্রমিক ৪.৫
এর পরে নিম্নরূপ ক্রমিক ও বাক্যসমূহ সংযোজন হবে:

“ক্ষেত্রসমূহ খোদাইপূর্বক উল্লেখ এর ক্ষেত্রে পদকে সংক্ষিপ্ত নাম নিম্নরূপ হবে:

- ৪.৬ বয়স্কা, বিধবা ও স্বামী নিগৃহীতার কল্যাণ;
- ৪.৭ প্রান্তিক, অনগ্রসর জনগোষ্ঠীর সুরক্ষা;
- ৪.৮ প্রতিবন্ধী ব্যক্তির কল্যাণ ও জীবনমানোন্নয়ন;
- ৪.৯ আইনী সংঘাতে জড়িত শিশু/নিরাশ্রয় ব্যক্তির কল্যাণ;
- ৪.১০ মানবকল্যাণ ও মানবতাবোধে ইতিবাচক কার্যক্রম।”

(খ) নীতিমালার অনুচ্ছেদ ৮ এর ক্রমিক ৮.২ ও ৮.৪ এ নিম্নরূপ বাক্যসমূহ সংযোজন হবে:

- “৮.২ রেকর্ডসমূহ ০.৩৬ গ্রাম স্বর্ণ দ্বারা ইলেক্ট্রোপ্লেটেড হবে;
- ৮.৪ সম্মাননা সনদ সংযোজনী “খ” নমুনানুসারে হবে।”

(গ) নীতিমালার নতুন অনুচ্ছেদ ১৭ নিম্নরূপভাবে সংযোজন হবে:

“১৭. নীতিমালার বিষয়ে কোনরূপ প্রশ্ন উত্থাপিত হলে/কোন সংশয় দেখা দিলে সরকারের
সিদ্ধান্তই চূড়ান্ত মর্মে পরিগণিত হবে।”

২। এ সংশোধনী অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে
খাদিজা নাজনীন
উপসচিব।

(১৭৬৬৫)

মূল্য : টাকা ৪.০০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদার অব হিউম্যানিটি সমাজকল্যাণ পদক

সম্মাননাপত্র

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার.....কে
..... ক্ষেত্রে গুরুত্বপূর্ণ অবদান ও গৌরবোজ্জ্বল
ভূমিকার স্বীকৃতিস্বরূপ.....সালের মাদার অব হিউম্যানিটি সমাজকল্যাণ পদকে
ভূষিত করছে।

প্রধানমন্ত্রী

.....বঙ্গাব্দ

.....খ্রিষ্টাব্দ